# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৩৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ مُحَمَّدٍ ، نَا إِبْرَاهِيمُ الْحَرْبِيُّ ، نَا أَبُو نُعَيْمٍ ، حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ ، عَنْ حُمَيْدِ بْنِ هِلَالٍ ، قَالَ : " خَرَجَ أَبُو مُوسَى فِي وَفْدٍ فِيهِمْ رَجُلٌ مِنْ عَبْدِ الْقَيْسِ أَعْوَرُ ، فَصَلَّى أَبُو مُوسَى ، فَرَكَعُوا فَنَكَصُوا عَلَى أَعْقَابِهِمْ ، فَتَرَدَّى الْأَعْوَرُ فِي بِئْرٍ . قَالَ الْأَحْنَفُ : فَلَمَّا سَمِعْتُهُ يَتَرَدَّى فِيهَا فَمَا مِنَ الْقَوْمِ إِلَّا ضَحِكَ غَيْرِي وَغَيْرَ أَبِي مُوسَى ، فَلَمَّا قَضَى الصَّلَاةَ ، قَالَ : مَا بَالُ هَؤُلَاءِ ؟ قَالُوا : فُلَانٌ تَرَدَّى فِي بِئْرٍ . فَأَمَرَهُمْ ، فَأَعَادُوا الصَّلَاةَ

বাংলা

৬৩৯(৬৩). উছমান ইবনে মুহাম্মাদ (রহঃ) ... হুমাইদ ইবনে হিলাল (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আবু মূসা (রাঃ) একটি প্রতিনিধি দলের সাথে যাত্রা করলেন। তাদের মধ্যে আবদুল কায়েস গোত্রের এক অন্ধ ব্যক্তিও ছিলো। আবু মূসা (রাঃ) নামায পড়ালেন এবং লোকজন রুকূ করে পিছনে সরে এলো। অন্ধ লোকটি একটি কূপে পড়ে গেল। আল-আহনাফ (রহঃ) বলেন, আমি যখন অন্ধ লোকটির কূপে পড়ে যাওয়া শুনতে পেলাম তখন আমি ও আবু মূসা (রাঃ) ব্যতীত সবাই (নামাযরত অবস্থায়) উচ্চস্বরে হাসলো। তিনি নামাযশেষে বললেন, এদের কি হয়েছে? তারা বলল, অমুক ব্যক্তি কূপের মধ্যে পড়ে গেছে। অতএব তিনি তাদের নির্দেশ দিলে তারা পুনরায় নামায পড়ে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ হুমায়দ ইবন হিলাল (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80428

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন